কৃষিই সমৃদ্ধি

# বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)

## কৃষি ভবন

৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা ১০০০।
সমন্বয় বিভাগ
www.badc.gov.bd

স্মারক নং- ১২.০৬.০০০০.২০৯.২৩.০০৭.১৭.৪৭

তারিখ: ০৪ চৈত্র ১৪২৪ বঙ্গাব্দ। / ১৮ মার্চ ২০১৮ খ্রিস্টাব্দ।

**বিষয়ঃ বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি) কর্তৃক ২৫ মার্চ গণহত্যা দিবস- ২০১৮ যথাযোগ্য মর্যাদায় পালন উপলক্ষে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী প্রেরণ প্রসংগে।**

বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন এর সম্মেলন কক্ষে ২৫ মার্চ গণহত্যা দিবস-২০১৮ যথাযোগ্য মর্যাদায় ও ভাবগাম্ভীর্যের সাথে পালনের প্রস্তুতিমূলক সভা বিগত ১৫ মার্চ ২০১৮ তারিখ অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণীর সিদ্ধান্ত মোতাবেক প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

০২. আপনার দপ্তর/বিভাগের আওতাধীন মাঠ পর্যায়ে সকল অফিসসমূহে সভার কার্যবিবরণী প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৮.০৩.১৮

মোঃ শাহিন মিয়া
উপসচিব (অঃ দাঃ)
সমন্বয় বিভাগ, বিএডিসি, ঢাকা।
ফোনঃ ৯৫৬৮১১৫।
e-mail: ds_coordination@badc.gov.bd

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১. সদস্য পরিচালক (বীজ ও উদ্যান/অর্থ/ক্ষুদ্রসেচ/সার ব্যবস্থাপনা), বিএডিসি, ঢাকা।
০২. সচিব, বিএডিসি, ঢাকা।
০৩. উপসচিব, উপকরণ-১ অধিশাখা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪. সহকারী সচিব, নীতি-৪ শাখা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫. মহাব্যবস্থাপক (বীজ/সার ব্যবস্থাপনা/উদ্যান উন্নয়ন/এএসসি/পাটবীজ/অর্থ/ক্রয়/তদন্ত),বিএডিসি, ঢাকা।
০৬. প্রধান প্রকৌশলী (ক্ষুদ্রসেচ/সংরক্ষণ ও কারখানা/নির্মাণ), বিএডিসি, ঢাকা।
০৭. প্রধান (পরিকল্পনা/মনিটরিং) বিএডিসি, ঢাকা।
০৮. হিসাব নিয়ন্ত্রক/নিয়ন্ত্রক (অডিট), বিএডিসি, ঢাকা।
০৯. অতিরিক্ত মহাব্যবস্থাপক (আলু বীজ/কঃগ্রোঃ/বীপ্রস/খামার/বীবি), বিএডিসি, ঢাকা।
১০. যুগ্মসচিব (সংস্থাপন/নিয়োগ ও কল্যাণ/সংগঠন ও ব্যবস্থাপনা/সাধারণ পরিচর্যা), বিএডিসি, ঢাকা।
১১. যুগ্মপরিচালক (ডাল ও তৈলবীজ/সবজি বীজ),বিএডিসি, ঢাকা।
১২. জনসংযোগ কর্মকর্তা,বিএডিসি, ঢাকা।
১৩. প্রধান চিকিৎসক, বিএডিসি, ঢাকা।
১৪. উপপ্রধান প্রকৌশলী (জরিপ ও অনুসন্ধান/মিশু),বিএডিসি, ঢাকা।
১৫. সভাপতি/সাধারণ সম্পাদক, বিএডিসি শ্রমিক কর্মচারী লীগ, রেজিঃ নং-১৯০৩ (সিবিএ)।
১৬. ........................................................
১৭. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিএডিসি, ঢাকা।
১৮. কম্পিউটার প্রোগ্রামার,আইসিটি সেল, মনিটরিং বিভাগ, বিএডিসি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৯. অফিস কপি।

বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন(বিএডিসি)
কৃষি ভবন
৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা ১০০০।
সমন্বয় বিভাগ
www.badc.gov.bd

**বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি) কর্তৃক গণহত্যা দিবস-২০১৮ যথাযোগ্য মর্যাদায় উদযাপন উপলক্ষে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ নাসিরুজ্জামান, চেয়ারম্যান, বিএডিসি। |
| তারিখ ও সময় | : | ১৫ মার্চ ২০১৮ খ্রিস্টাব্দ; বিকাল ০৩:৩০ ঘটিকা। |
| স্থান | : | সংস্থার সম্মেলন কক্ষ। |
| উপস্থিতি | : | পরিশিষ্ট - ক। |

সভার শুরুতেই সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার প্রারম্ভে সভাপতি ২৫ মার্চ গণহত্যা দিবসের প্রেক্ষাপট তুলে ধরেন। তিনি সভায় উল্লেখ করেন, ১৯৭১ সালের ২৫ মার্চ বাঙালি জাতির জীবনে এক ভয়াবহ রক্তাক্ত ইতিহাসের দিন। ১৯৭১ সালের ২৫ মার্চ কালরাত্রিতে সংঘটিত গণহত্যাকে স্মরণ করে ২৫ মার্চকে গণহত্যা দিবস ঘোষণা করা হয়। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে জনাব মোঃ শাহিন মিয়া, উপসচিব (সমন্বয়) গণহত্যা দিবস-২০১৮ যথাযোগ্য মর্যাদা ও ভাবগাম্ভীর্যের সাথে পালন উপলক্ষে জাতীয় কর্মসূচিসমূহ উপস্থাপন করেন।

০২. বিস্তারিত আলোচনার পর আগামী ২৫ মার্চ ২০১৮ তারিখ গণহত্যা দিবস যথাযোগ্য মর্যাদায় উদযাপন উপলক্ষে সভায় সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত কর্মসূচি/সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্রঃ নং | বিএডিসি কর্তৃক গৃহীত কর্মসূচি | বাস্তবায়নকারী বিভাগ |
|---|---|---|
| ২.১ | গণহত্যা দিবস উপলক্ষে আগামী ২৫ মার্চ ২০১৮ তারিখ রোজ রবিবার বাদ যোহর কৃষিভবনস্থ মসজিদে দোয়া মাহফিলের আয়োজন করা এবং বিকাল ৩:০০ ঘটিকায় ঢাকাস্থ বিএডিসি'র সকল কর্মকর্তা/কর্মচারীদের উপস্থিতিতে কৃষি ভবনের সম্মেলন কক্ষে গণহত্যার স্মৃতিচারণ ও আলোচনা সভার আয়োজন করা। | সাধারণ পরিচর্যা বিভাগ, নিয়োগ ও কল্যাণ বিভাগ, সমন্বয় বিভাগ। |
| ২.২ | আগামী ২৫ মার্চ ২০১৮ তারিখ গণহত্যা দিবস উপলক্ষে বিএডিসি'র মাঠ পর্যায়ের সকল মসজিদে বাদ যোহর দোয়া মাহফিলের আয়োজন করা এবং অন্যান্য ধর্মীয় প্রতিষ্ঠানসমূহে সুবিধাজনক সময়ে বিশেষ প্রার্থনা করা। | সংশ্লিষ্ট দপ্তর/অফিস প্রধানগণ। |
| ২.৩ | গণহত্যা দিবস উপলক্ষে আগামী ২৫ মার্চ ২০১৮ তারিখ সারাদেশে বিএডিসি'র আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত জাতীয় কর্মসূচির সাথে সঙ্গতি রেখে গণহত্যার স্মৃতিচারণ ও আলোচনা সভার আয়োজন করা। | নিয়োগ ও কল্যাণ বিভাগ, সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান শিক্ষকগণ। |
| ২.৪ | আগামী ২৫ মার্চ ২০১৮ তারিখ গণহত্যা দিবস উপলক্ষে সকাল ১০:০০ ঘটিকায় কৃষি ভবনের সম্মেলন কক্ষে Stop Genoside চলচিত্র প্রর্দশনের আয়োজন করা (সংশ্লিষ্ট অফিস হতে প্রাপ্তি সাপেক্ষে)। | জনসংযোগ বিভাগ, সাঃ পরিঃ বিভাগ ও নির্মাণ বিভাগ। |
| ২.৫ | আগামী ২৫ মার্চ ২০১৮ তারিখ বিএডিসি'র মাঠ পর্যায়ের কর্মকর্তা ও কর্মচারীগণকে স্থানীয় জেলা ও উপজেলা প্রশাসন কর্তৃক আয়োজিত গণহত্যা দিবসের অনুষ্ঠানে সক্রিয়ভাবে অংশগ্রহণ করা। সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানগণ মাঠ পর্যায়ের কর্মকর্তাগণকে বিষয়টি নিশ্চিত করবেন। | সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানগণ। |

| ক্রঃ নং | বিএডিসি কর্তৃক গৃহীত কর্মসূচি | বাস্তবায়নকারী বিভাগ |
|---|---|---|
| ২.৬ | আগামী ২৫ মার্চ ২০১৮ তারিখ বিএডিসি'র সদর দপ্তর ও মাঠ পর্যায়ের সকল অফিসসমূহে রাত ০৯:০০-০৯:০১ পর্যন্ত ০১ মিনিট প্রতীকি ব্ল্যাক-আউট পালন করা। | সকল উইং, দপ্তর ও অফিস প্রধানগণ। |
| ২.৭ | গণহত্যা দিবস-২০১৮ যথাযোগ্য মর্যাদা ও ভাবগাম্ভীর্যের সাথে পালনের লক্ষ্যে ব্যয় নির্বাহের নিমিত্ত সংশ্লিষ্ট বিভাগের চাহিদার পরিপ্রেক্ষিতে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ করা। | অর্থ বিভাগ। |

০৩. সভাপতি গণহত্যা দিবস-২০১৮ যথাযোগ্য মর্যাদা ও ভাবগাম্ভীর্যের সাথে পালন উপলক্ষে আন্তরিকতার সাথে প্রয়োজনীয় সকল প্রস্তুতি যথাসময়ে গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে সভায় অনুরোধ জানান।

০৪. সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ নাসিরুজ্জামান)
চেয়ারম্যান, বিএডিসি
ও
সভাপতি
গণহত্যা দিবস-২০১৮ পালনের
প্রস্তুতিমূলক সভা।